**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৯৪

তারিখ: ০৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: নবগঠিত শরিয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল (এসএসি) এর সভা প্রসঙ্গে।**

অদ্য ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে কমিশন সভা কক্ষে 'কমিশনের অফিস আদেশ নং: ৫৩.০২.০০০০.০০০.২০২.০৬.০৩৯৮.২১.৯৩; তারিখ: ২২ অক্টোবর ২০২৫' অনুযায়ী গঠিত 'শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও কমিশনারবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

সৌজন্য সাক্ষাতের পর বিকাল ০৩:০০ টায় বিএসইসি ভবনে শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল(এসএসি) এর তৃতীয় সভা ও নবগঠিত কাউন্সিল (এসএসি) এর প্রথম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন গঠিত শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিলের চেয়ারম্যান এবং ইসলামিক ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. নাকিব মুহাম্মদ নাসরুল্লাহ। এছাড়াও উক্ত সভায় শরিয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল সদস্য: জামিয়া ইসলামিয়া দারুল উলুম এর সিনিয়র মুফতি ও মুহাদ্দিস মুফতি মাসুম বিল্লাহ; জামিয়াহ শরিয়াহ মালিবাগ ঢাকা'র সিনিয়র ডেপুটি মুফতি আব্দুল্লাহ মাসুম, সিএসএএ; মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. মুহাঃ রুহুল আমিন; সুপ্রিম কোর্ট অব বাংলাদেশের সিনিয়র অ্যাডভোকেট ব্যারিস্টার ওমর সাদাত; বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টারের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং মালদ্বীপ ইসলামী ব্যাংকের স্বতন্ত্র পরিচালক ও চেয়ারম্যান কে এ এম মাজেদুর রহমান; ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের চিফ ফাইন্যান্স অফিসার মোহাম্মদ আব্দুর রহিম, এফসিএ, সিআইপিএ, সিএসএএ স্বশরীরে উপস্থিত ছিলেন। একইসাথে শরিয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল সদস্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মনজুর-ই-এলাহী ও যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব নিউ অরলিন্সের অধ্যাপক ও ইসলামিক ফাইন্যান্স স্পেশালিস্ট অধ্যাপক ড. মোহাম্মদ কবির হাসান জুমের মাধ্যমে অনলাইনে উক্ত সভায় যুক্ত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৮/১২/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র


(Push)